

“জেলা ভূমি বরাদ্দ কমিটি”র সভার কার্যবিবরণী

সভাপতিঃ পরিমল সিংহ, জেলা প্রশাসক, মেহেরপুর।  
স্থানঃ জেলা প্রশাসক, মেহেরপুর এর সম্মেলনকক্ষ।  
তারিখ ও সময়ঃ ৩০/১১/২০১৭ খ্রি. তারিখ, সকাল-১০.০০ টা।

উপস্থিত সকল সদস্য/প্রতিনিধিকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার আলোচ্যসূচী মোতাবেক প্রস্তাব উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয়ঃ মেহেরপুর জেলার সদর উপজেলায় উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন স্থাপন শীর্ষক প্রকল্পের অনুকূলে ভূমি অধিগ্রহণের জন্য ভূমি বরাদ্দ প্রদান।

আলোচনাঃ সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর সভায় জানান “উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, মেহেরপুর সদর এর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন” নির্মাণ প্রকল্পের আওতায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখা হতে জমি নির্বাচন করে প্রশাসনিক অনুমোদন প্রদান করলে এলজিইডি, মেহেরপুর কর্তৃক অধিগ্রহণের অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক, মেহেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়। তদপেক্ষিতে নিম্নবর্ণিত ০.১০ একর জমির স্কেচম্যাপ, লে-আউট প্ল্যান ও খতিয়ানসহ প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য জেলা সদরে ও পৌরসভার ভিতরে হওয়ায় জেলা স্থান নির্বাচন কমিটিতে অনুমোদন হওয়া প্রয়োজন হয়। এর পরিপ্রেক্ষিতে গত ১৩/১১/২০১৭খ্রি.তারিখে জেলা স্থান নির্বাচন কমিটির সভায় উত্থাপিত হলে সর্বসম্মতভাবে তা অনুমোদিত হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সভাকে আরো অবহিত করেন যে, যেহেতু জেলা স্থান নির্বাচন কমিটির নির্বাচিত ও অনুমোদিত হয়েছে এবং হাইওয়ে রাস্তা সংলগ্ন জমিটি এ প্রকল্পের জন্য অধিকতর উপযোগী হবে।


“ তফসিল ” (আরএস রেকর্ড মোতাবেক)

ক্র:নং	উপজেলার নাম	জেএল নং	মৌজার নাম	খতিয়ান নং (আরএস)	দাগ নং (আরএস)	দাগে মোট জমির পরিমাণ (একরে)	প্রস্তাবিত জমির পরিমাণ শতক	রেকর্ডীয় শ্রেণী	বর্তমান অবস্থা	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১
	মেহেরপুর সদর	৬৬	মেহেরপুর	১৯৮৭	৭২৩৪	০.২৮	০.১০	ধানী	কলা ফসল আছে	
সর্বমোট জমির পরিমাণ							০.১০			

এ বিষয়ে সভায় বিশদভাবে আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, প্রস্তাবিত স্থানটি উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মেহেরপুর সরেজমিনে পরিদর্শন করেছেন। স্থানটি মেহেরপুর-কুষ্টিয়া প্রধান সড়ক সংলগ্ন এবং বর্ণিত স্থানে কোন রকম অবকাঠামো নেই। যেহেতু, জেলা স্থান নির্বাচন কমিটিতে প্রস্তাবিত স্থানটি অনুমোদিত হয়েছে এবং প্রস্তাবিত স্থানটি শহরের নিকটবর্তী স্থানে হওয়ায় উপস্থিত জেলা ভূমি বরাদ্দ কমিটির সম্মানিত সকল সদস্যগণ প্রস্তাবিত স্থানটি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন স্থাপন প্রকল্পের জন্য উপযুক্ত মর্মে সর্বসম্মতভাবে অধিগ্রহণের বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ মেহেরপুর জেলার সদর উপজেলায় “উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন” স্থাপনের লক্ষ্যে উপরিউক্ত প্রস্তাবিত তফসিল বর্ণিত ০.১০ (শূন্য দশমিক এক শূন্য) একর জমি অধিগ্রহণের জন্য জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।



(পরিমল সিংহ)  
জেলা প্রশাসক  
ও

সভাপতি  
জেলা ভূমি বরাদ্দ কমিটি  
মেহেরপুর।

ফোনঃ ০৭৯১-৬২৩০১

E-mail : dcmeherpur@mopa.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৪.৫৭০০.০১০.১৪.০২৫.১৭-২৪০


তারিখঃ ২২ অগ্রহায়ন ১৪২৪ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন (লেভেল-০৭), ঢাকা।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
২. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।

  
(সেখ ফরিদ আহমেদ)  
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)  
মেহেরপুর  
ফোনঃ ০৭৯১-৬২৩৮৭

পরিশিষ্ট - "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

০১. মোঃ আজীম উদ্দীন সরদার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর।
০২. এস,এম মোস্তাফিজুর রহমান, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর।
০৩. মোঃ মিজানুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর।
০৪. ফারুক হোসেন, ডি আই ও-১ পক্ষে পুলিশ সুপার, মেহেরপুর।
০৫. কাজী রওশন নাহার, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, মেহেরপুর।
০৬. মোঃ জামাল উদ্দীন, উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মেহেরপুর।